# শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা প্রকল্প (৩য় পর্যায়)

বাংলাদেশ শিশু একাডেমি

দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা- ১০০০।

১। **প্রকল্পের নাম** : শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা প্রকল্প (৩য় পর্যায়), ১ম সংশোধিত
Early Learning for Child Development Project (3rd Phase)

২। **উদ্দ্যোগী মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা :**
ক) মন্ত্রণালয় : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
খ) বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ শিশু একাডেমি

৩। **প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)** :
মোট : ৩৭৭১.৩৩ লক্ষ টাকা
ক) স্থানীয় মুদ্রা : ৮২১.৩৩ লক্ষ টাকা
খ) বৈদেশিক মুদ্রা : ২৯৫০.০০ লক্ষ টাকা

৪। **প্রকল্পের বাস্তবায়নকাল** :
ক) আরম্ভ : ০১ অক্টোবর ২০১৮
খ) সমাপ্তি : ৩১ ডিসেম্বর ২০২১

৫। **উন্নয়ন সহযোগী সংস্থা** : ইউনিসেফ

৬। **প্রকল্পের সার্বিক উদ্দেশ্য** :

শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত (ইসিসিডি) নীতি বাস্তবায়নের কর্মপদ্ধতি প্রতিষ্ঠা এবং জাতীয় পর্যায় থেকে মাঠ পর্যায় পর্যন্ত নীতি কার্যকর করার সামর্থ্য অর্জনে সহায়তা প্রদান যাতে বাংলাদেশের প্রতিটি শিশুর সার্বিক বিকাশ নিশ্চিত হয়।

৭। **প্রকল্পের প্রধান কর্মসূচি:**

- শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত (Comprehensive Early Childhood Care and Development-ECCD) নীতি দক্ষ এবং কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত নীতি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের সামর্থ্য বৃদ্ধি;
- পরিবার এবং কমিউটিটি পর্যায়ে ইসিসিডি বিষয়ক এডভোকেসি, সামাজিক উদ্বুদ্ধকরণ ও গণযোগাযোগ কার্যক্রম বাস্তাবায়ন;
- শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশ বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ শিশু একাডেমিসহ সংশ্লিষ্ট অন্যান্য সংস্থা/প্রতিষ্ঠানের সামর্থ্য এবং পেশাগত দক্ষতাবৃদ্ধি;
- শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশ বিষয়ক কার্যক্রম বাস্তবায়নে জাতীয় গাইডলাইন/স্ট্যান্ডার্ড উন্নয়ন/প্রণয়ন;
- শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশ বিষয়ক কার্যক্রম সুপারভিশন, মনিটরিং, এসেসমেন্ট এবং ইনোভেশন কার্যক্রম এবং
- ঝুঁকিপূর্ণ এলাকায় সুবিধাবঞ্চিত শিশুদের জন্য ইসিসিডি সেবা (ডে-কেয়ার, শিশু বিকাশ কার্যক্রম) প্রদান।

৮। **প্রকল্প এলাকা:**

- UNICEF-এর নির্বাচিত ১৫টি জেলার (বরগুনা, ভোলা, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, জামালপুর, নেত্রকোনা, খুলনা, সাতক্ষীরা, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, গাইবান্ধা, কুড়িগ্রাম, মৌলিভীবাজার এবং সুনামগঞ্জ জেলা) ১৬টি উপজেলা (পাথরঘাটা, লালমোহন, উখিয়া, টেকনাফ, থানচি, বিলাইছড়ি, ইসলামপুর, কলমাকান্দা, দাকোপ, শ্যামনগর, বেলকুচি, চাঁপাইনবাবগঞ্জ সদর, গাইবান্ধা সদর, কুড়িগ্রাম সদর, রাজনগর এবং দক্ষিণ সুনামগঞ্জ উপজেলা);
- ঢাকা উত্তর ও দক্ষিণ, গাজীপুর, চট্টগ্রাম, বরিশাল, খুলনা, সিলেট ও রংপুর সিটি কর্পোরেশন-এর আরবান এলাকা এবং চাবাগান, যৌনপল্লী, কেন্দ্রীয় কারাগার, চর, হাওর, দ্বীপাঞ্চল ও অন্যান্য অবহেলিত এলাকা ইত্যাদি।

৯। **প্রকল্পের হালনাগাদ অগ্রগতি:**

- প্রকল্পটি ১৯/১১/২০১৮ তারিখ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়।
- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ১০/১২/২০১৮ তারিখ প্রশাসনিক আদেশ জারি করা হয়।
- প্রকল্প সংশ্লিষ্ট অংশীজনদের সাথে প্রকল্পের অবহিতকরণ সভা সম্পন্ন করা হয়েছে।
- প্রকল্প স্টিয়ারিং কমিটির (পিএসসি) ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে।
- প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে।
- ৫টি সিটি কর্পোরেশনের (গাজীপুর, চট্টগ্রাম, রংপুর, খুলনা ও বরিশাল) সংশ্লিষ্ট অংশীজনদের সাথে প্রকল্পের এডভোকেসী সভা অনুষ্ঠিত হয়েছে।
- সমন্বিত ইসিসিডি নীতি ২০১৩ বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পভুক্ত ১৫টি জেলা রিসোর্স টিম (ডিআরটি) সদস্যবৃন্দের ০২ দিনের প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) সম্পন্ন করা হয়েছে।
  - ✓ সমন্বিত ইসিসিডি নীতি ২০১৩ বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পভুক্ত ১৩টি জেলা এবং ১৩টি উপজেলার ইসিসিডি কমিটির সদস্যবৃন্দের ওরিয়েনটেশন সম্পন্ন করা হয়েছে।
  - ✓ প্রকল্পভুক্ত ১৬টি উপজেলার ইউনিয়ন ইসিসিডি কমিটির সদস্যবৃন্দের ওরিয়েনটেশন চলমান রয়েছে।
- প্রকল্পের আওতায় ৯৮টি শিশু বিকাশ কেন্দ্র ও ৪০টি ডে-কেয়ার পরিচালনা করা হচ্ছে (কোভিড-১৯ এর কারণে সরকারি নির্দেশনার আলোকে ১৮ মার্চ ২০২০ থেকে শিশু বিকাশ ও ডে-কেয়ার কার্যক্রম বন্ধ থাকায় বিকল্প কারিকুলামের মাধ্যমে ক্লাস্টার/মোবাইলভিত্তিক পাঠদান অব্যাহত আছে)।
  - ✓ গাজীপুর, চট্টগ্রাম, বরিশাল, খুলনা ও রংপুর সিটি কর্পোরেশন-এর আরবান এলাকায় বাংলাদেশ শিশু একাডেমির জেলা কার্যালয়ের মাধ্যমে ৫০টি এবং দক্ষিণ সুনামগঞ্জ, রাজনগর, কুড়িগ্রাম সদর, গাইবান্ধা সদর, চাঁপাইনবাবগঞ্জ সদর, লালমোহন, দাকোপ, শ্যামনগর ও পাথরঘাটা উপজেলার প্রতিটিতে সুবিধাবঞ্চিত শিশুদের জন্য ৪টি করে ৩৬টি শিশু বিকাশ কেন্দ্র চলমান রয়েছে।
  - ✓ ৯টি কেন্দ্রিয় কারাগারে (কাশিমপুর-গাজীপুর, চট্টগ্রাম, কুমিল্লা, ময়মনসিংহ, যশোর রাজশাহী, বরিশাল, সিলেট ও রংপুর কেন্দ্রিয় কারাগার) ও ১টি জেলা কারাগারে (কক্সবাজার জেলা কারাগার) মোট ১০টি শিশু বিকাশ কেন্দ্র এবং ফরিদপুর শহরস্থ যৌন পল্লীতে ২টি শিশু বিকাশ কেন্দ্র চলমান রয়েছে।
- প্রকল্প আওতায় ৪০টি ডে-কেয়ার বেসরকারি সংস্থা কর্তৃক পরিচালনার পরিকল্পনা থাকায় ইউনিসেফ এবং ফুলকি এর মধ্যে PCA (Partner Cooperation Agreement) স্বাক্ষরের মাধ্যমে ঢাকা উত্তর, গাজীপুর, চট্টগ্রাম সিটি কর্পোরেশন-এর গার্মেন্টস এলাকায় ২৫টি এবং সিলেট ও মৌলভীবাজার চাবাগান এলাকায় ১৫টি মোট ৪০টি ডে-কেয়ার বেসরকারি সংস্থা ফুলকি কর্তৃক পরিচালিত হচ্ছে।